গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল

## এলজিইডি'র ইনোভেশন টিম-এর ডিসেম্বর মাসের সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জসিম উদ্দিন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) |
| সভার তারিখ | ১৪ ডিসেম্বর, ২০২২ |
| সভার সময় | দুপুর ০২:০০ ঘটিকা। |
| স্থান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) এর কার্যালয়, লেভেল-৬, এলজিইডি ভবন, এলজিইডি। |
| উপস্থিতি | সংযুক্তি - ০১ |

এলজিইডি'র ইনোভেশন টিম-এর অক্টোবর মাসের সভা বিগত ১৪/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জনাব মোঃ জসিম উদ্দিন। সভার শুরুতে এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার স্বাগত বক্তব্য প্রদান করেন। ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ মাহবুব আলম সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করেন। ইনোভেশন টিম-এর অন্যান্য সদস্যগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

**এজেন্ডা – ০১: এলজিইডি'র ইনোভেশন টিম-এর অক্টোবর মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে জানান যে, ইনোভেশন টিম-এর বিগত অক্টোবর ২০২২ মাসের সভায় তেরো (১৩) টি সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী কতখানি কাজ বাস্তবায়ন করা হয়েছে এই ব্যাপারে গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল তাদের উপস্থাপনা প্রদান করবে।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বিগত ইনোভেশন টিমের সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০১ নংসিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ আবু রায়হান বলেন যে, বিগত ২০ অক্টোবর ২০২২ তারিখে প্রত্যেক জেলায় ইনোভেশন টিম গঠনের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একটি তাগাদা পত্র প্রেরণ করা হয়েছে। এর মধ্যে ৩৪ টি জেলা ইনোভেশন টিম ও ওয়েবসাইটে আপলোড করেছে, ০৩ টি জেলা ইনোভেশন টিম গঠন করেছে কিন্তু ওয়েবসাইটে আপলোড করেনি এবং ২৭ টি জেলা ইনোভেশন টিম গঠন করেনি। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, যেসব জেলা এখনোও পর্যন্ত ইনোভেশন টিম গঠন করেনি, সেসব জেলার নির্বাহী প্রকৌশলীগণকে SMS এর মাধ্যমে তাগাদা দেয়া যেতে পারে। ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) প্রস্তাব করেন যে, মাঠ পর্যায়ের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে সদর দপ্তরের ইনোভেশন টিমকে অবহিত করার জন্য একটি পত্র দেয়া যেতে পারে। এছাড়াও তিনি আরো প্রস্তাব করেন যে, সদর দপ্তরের ইউনিটসমূহকে এলজিইডির ইনোভেশন কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতে হবে যাতে করে ইনোভেশন কার্যক্রম শুধুমাত্র আইসিটি নির্ভর না হয়ে এলজিইডির সকল সেক্টরে সমান গুরুত্ব পায় এবং এলজিইডির সেবাসমূহ আরো উন্নত ও বেগবান হয়। ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০২ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, এলজিইডি'র গবেষণা, ইনোভেশন ও জ্ঞান

ব্যবস্থাপনা সেল ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত অ্যাকশান প্ল্যানের গৃহীত লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ করা হচ্ছে।

তিনি আরো বলেন যে, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত কর্মশালা আয়োজন ও ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পন া বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য নির্ধারিত সময়সীমা বৃদ্ধি করা প্রয়োজন।

কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের জন্য সময়সীমা বৃদ্ধির করার ব্যাপারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রণীত "ট্রেনিং ক্যালেন্ডার" এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য কোন বাজেট বরাদ্দ নেই। তাই এই কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের জন্য নির্ধারিত সময়সীমা বৃদ্ধি করা প্রয়োজন। তিনি আরো জানান যে, কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ (জিডিপি-৩) প্রকল্পের প্রকল্প পরিচালক ও ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ আমিরুল ইসলাম খান প্রকল্প থেকে অর্থায়ন করার সম্মতি জানিয়েছেন।

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, এলজিইডি'র গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল ইতোমধ্যে কর্মশালা ও প্রশিক্ষণের কনটেন্ট তৈরী করেছে এবং কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটের সাথে আলাপ করে খসড়া বাজেট প্রণয়ন করেছে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত অ্যাকশান প্ল্যানটি সংশোধন করে সংশোধিত অ্যাকশান প্ল্যান তৈরি করা যেতে পারে। ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০৩ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, বিগত সেপ্টেম্বর ২০২২ মাসের সভায় Integrated E-Meeting Schedule Software প্রণয়নকরণ এবং এলজিইডি'র ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করা – উক্ত দুই (০২) টি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য হিসেবে চিহ্নিত করা হয়, যা পরবর্তীতে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে বিগত ২৫/১০/২০২২ তারিখে আয়োজিত পর্যালোচনা সভায় অনুমোদিত হয়। এই বিষয়ে পরবর্তী কার্যক্রমের জন্য আলোচনা করা প্রয়োজন।

সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) জনাব রকিবুল হাসান বলেন যে, এলজিইডির অভ্যন্তরীণ ওয়েব-প্রোগ্রামারদের সহায়তায় Integrated E-Meeting Schedule Software এর একটি পাইলট ওয়েবপেজ তৈরি করা হয়েছে। এই ওয়েবপেজের মাধ্যমে প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তর থেকে প্রতিদিনের Scheduling এর কাজটি খুব সহজে তৈরি করা যাবে। এই Software এর সাথে PMIS Software এর ইন্ট্রিগেশন করা হয়েছে। ফলে Scheduling তৈরি করার সময়ে মিটিং এ যারা উপস্থিত থাকবে তাদের নাম, পদবী সহ অন্যান্য কোন কিছুই আর নতুন করে খুঁজে বের করতে হবে না এবংScheduling টি তৈরি করা হলে মিটিং এ যারা উপস্থিত থাকবে তাদের সবার কাছে নোটিফিকেশন চলে যাবে। বর্তমানে ল্যাপটপ/ডেক্সটপ ভিত্তিক ওয়েবপেজে তৈরি করা হয়েছে। তবে মোবাইল অ্যাপস ভিত্তিক E-Meeting Schedule ইন্টারফেস তৈরি করতে হলে অভ্যন্তরীণ ওয়েব-প্রোগ্রামারদের দ্বারা সম্ভব নয়, সেক্ষেত্রে বাইরে থেকে ওয়েব-প্রোগ্রামার আনতে হবে অথবা আউট সোর্সিং করতে হবে। আউট সোর্সিংয়ের মাধ্যমে মোবাইল অ্যাপস ভিত্তিক E-Meeting Schedule ইন্টারফেস তৈরি করতে প্রায় ৮ লক্ষ টাকার প্রয়োজন হবে।

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, এলজিইডি'র মূল ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করার ব্যাপারে এলজিইডি'র ভবন রক্ষণাবেক্ষণের সহকারী প্রকৌশলী জনাব এ এফ এস কে এম নজরুল ইসলাম এর সাথে কথা বলা হয়েছে। তিনি জানিয়েছেন যে, পূর্বে অস্থায়ী ভিত্তিতে ইলেক্ট্রনিক বোর্ড ছিল যা বিভিন্ন অনুষ্ঠানে ব্যবহার করা হয়ে থাকতো। তবে বর্তমানে এই কার্যক্রমগুলো

এর চলমান নেই। আইসিটি ইউনিটের সাথে আলোচনা করে জানা গেছে যে, ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করার জন্য ফ্লোর/তলা তৈরি করে ব্লক ভিত্তিক কনটেন্ট তৈরি করে ইলেক্ট্রনিক বোর্ডে নামগুলো ডিসপ্লে করা যাবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, এই দুই (০২) টি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন করতে কি পরিমান অর্থ লাগতে পারে তার একটি খসড়া বাজেট প্রণয়ন করে প্রধান প্রকৌশলীর নিকট বাজেট অনুমোদনের জন্য পাঠানো যেতে পারে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

এছাড়া, ইনোভেশনটিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, WeCARE প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকল্পে কর্মরত LCS শ্রমিকদের পারিশ্রমিক প্রদানের জন্য একটি মোবাইল এ্যাপ্লিকেশন তৈরি করেছেন যার মাধ্যমে নিয়মিত LCS শ্রমিকদের পারিশ্রমিক প্রদান করা হয়। এই মোবাইল এ্যাপ্লিকেশনটি এলজিইডি'র ইনোভেশন কার্যক্রম হিসেবে দেখানো যেতে পারে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার ইনোভেশন টিম-এর সদস্য-সচিবকে উক্ত প্রকল্প অফিসে যোগাযোগ করে এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে তাকে অবহিত করতে বলেন।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০৪ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বিগত ০৬-১০-২০২২ তারিখে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক তৈরিকৃত নিদিষ্ট ছক পূরণ করে প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং এর পাশাপাশি ডাটাবেজটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তবে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র গুলো এখনো ওয়েবসাইটে প্রকাশ করার কাজ চলমান রয়েছে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট) ও গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল অতিসত্বর ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র এক সাথে ওয়েবসাইটে প্রকাশ করার ব্যাপারে ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০৫ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ২০১৯ সালে ই-নথি সিস্টেম বাস্তবায়নের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য মোট সাত (০৭) টি কার্যক্রম চিহ্নিত করে তৎকালীন প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একটি পত্র প্রেরণ করা হয়েছিল। তবে বর্তমানে খুব অল্প সংখ্যক লোক ই-নথি সিস্টেম ব্যবহার করছে। ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পুনরায় বর্তমান প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে বিগত ১০-১১-২০২২ তারিখে এলজিইডি'র প্রত্যেক কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

সভায় উপস্থিত এলজিইডির সিস্টেম এনালিস্ট জনাব প্রশান্ত কুমার কবিরাজ জানান যে, এতবার করে চিঠি দেয়ার পরেও ই-নথির ব্যবহার আশানরুপ বৃদ্ধি পায়নি।

নির্বাহী প্রকৌশলী (শৃংখলা ও তদন্ত) জনাব মোহাঃ শরীফ উদ্দীন বলেন যে, এলজিইডির প্রধান প্রকৌশলীর নিয়মিত বিভাগীয় সভাসমূহে ও এপিএ এর মাঠ পর্যায়ের মিটিং-এ বর্ণিত বিষয়টি উল্লেখ করতে পারেন। তাই এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা হলে খুব সহজে দাপ্তরিক কাজে ই-নথির ব্যবহার বৃদ্ধির করা যেতে পারে।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০৬ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ইতোমধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এলজিইডির জন্য প্রণীত কর্মপরিকল্পনা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদন নিয়ে বিগত ২৭/১০/২০২২ তারিখে ই-নথির মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এর মাধ্যমে এলজিইডির ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার একটি টার্গেট অর্জিত হয়েছে।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০৭ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায়

বিষয়ভিত্তিক সংক্রান্ত কর্মশালা আয়োজনের পূর্বে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কনটেন্ট এবং বাজেট তৈরির ব্যাপারে আইসিটি ইউনিটের নির্বাহী প্রকৌশলীকে জনাব নুরজাহানকে সভাপতি করে পাঁচ (০৫) সদস্য বিশিষ্ট একটি কমিটি তৈরি করা হয়েছিলো। কমিটি ইতোমধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কনটেন্ট প্রস্তুত ও খসড়া বাজেট প্রণয়ন করেছে যা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটকে জানাতে হবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার প্রস্তাব করেন যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত ০২ (দুই) টি কর্মশালা আয়োজনের কথা বলা আছে। যেহেতু ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ ০৪ (চার) টি আয়োজন করা হচ্ছে, তাই ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত ০২ (দুই) টি কর্মশালার পরিবর্তে ০৪ (চার) টি কর্মশালা আয়োজন করা যেতে পারে। তাহলে এক সাথে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত কর্মশালা ও ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ (জিডিপি-৩) প্রকল্পের প্রকল্প পরিচালক এই প্রস্তাবে একমত পোষণ করেন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন সংক্রান্ত ০৪ (চার) টি প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রণীত খসড়া বাজেট ও প্রশিক্ষণার্থীর তালিকা কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটে প্রেরণ করে প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া যেতে পারে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০৮ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

নির্বাহী প্রকৌশলী (আইসিটি) জানান যে, আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে থাকে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য আইসিটি ইউনিটকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও যেন আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে সে ব্যাপারে নির্বাহী প্রকৌশলী (আইসিটি) কে অনুরোধ জানান।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ০৯ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের পূর্বে কনটেন্ট এবং বাজেট তৈরির ব্যাপারে আইসিটি ইউনিটের নির্বাহী প্রকৌশলীকে জনাব নুরজাহানকে সভাপতি করে পাঁচ (০৫) সদস্য বিশিষ্ট একটি কমিটি তৈরি করা হয়েছিলো। কমিটি ইতোমধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪ (চার) টি প্রশিক্ষণের বিষয়ভিত্তিক কনটেন্ট প্রস্তুত ও খসড়া বাজেট প্রণয়ন করেছে যা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটকে জানাতে হবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪ (চার) টি প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রণীত খসড়া বাজেট ও প্রশিক্ষণার্থীর তালিকা কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটে প্রেরণ করে প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া যেতে পারে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ১০ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ২০২২-২৩ অর্থবছরে প্রণীত কর্মপরিকল্পনার অধীনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করে অর্থ বরাদ্দের নিমিত্ত প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার ও সহকারী প্রকৌশলী (গবেষণা ইনোভেশন ও জ্ঞান ব্যস্থাপনা) জনাব তানজিলা ইসলাম জানান যে, ২০২২-২৩ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত ইনোভেশন খাতে কোনো অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়া, সিনিয়র সহকারী প্রকৌশলী (মনিটরিং ও মূ্ল্যায়ন শাখা) জনাব সোহানা পারভীন বলেন যে, গত বছরেও ইনোভেশন খাতে অর্থ বরাদ্দ না থাকায় উক্ত সূচকে মার্ক্স কেটে নেয়া হয়েছিলো। সেক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার প্রস্তাব করেন যে, ২০২২-২৩ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম বাস্তনবায়ন করতে কি পরিমাণ অর্থ বরাদ্দ প্রয়োজন হতে

পারে তার একটি প্রাক্কলন প্রস্তুত করে অর্থ বরাদ্দের নিমিত্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট আবেদন করা যেতে পারে। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন। ইনোভেশন অফিসার এ ব্যাপারে সকল সদস্যকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ১১ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য এলজিইডির ইনোভেশন টিমের অ্যাকশান প্ল্যান অনুযায়ী আগামী ০৭/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২৫/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ব্যাপারে বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা যাবতীয় সকল ডকুমেন্ট এক সাথে করা রাখা হচ্ছে। নির্দিষ্ট সময়ের মধ্যে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার এ ব্যাপারে সকল সদস্যকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ১২ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য বিগত ১৬/১১/২০২২ তারিখে এলজিইডির ইনোভেশন টিম তথ্য ও যোগাযোগ বিভাগের ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করেছে। এর মাধ্যমে এলজিইডির ২০২২-২৩ অর্থবছরের ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার একটি টার্গেট অর্জিত হয়েছে।।

**অক্টোবর মাসের সভায় গৃহীত ১৩ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল) জানান যে, বিগত সেপ্টেম্বর মাসের সভায় প্রকল্প পরিচালক (জিডিপি-৩) কর্তৃক প্রণীত ও উপস্থাপিত Office Management Software টাকে এলজিইডিতে ব্যবহৃত অন্যান্য Software এর সাথে ইন্টিগ্রেশন করা যায় কিনা আইসিটি ইউনিট এই সংক্রান্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ইনোভেশন টিমের অক্টোবর মাসের সভায় এই সংক্রান্ত কোনো আলোচনা করা হয়নি। এ প্রসঙ্গে ইনোভেশন অফিসার প্রকল্প পরিচালক (জিডিপি-৩) কে মিটিং শেষে সুবিধাজনক সময়ে পুনরায় তাকে Software টি দেখাতে বলেন।

| ক্রম নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ০১। | যেসকল জেলা এখনো ইনোভেশন টিম গঠন করেনি, সেসব জেলাগুলোতে ইনোভেশন টিম গঠন করার জন্য SMS এর মাধ্যমে তাগাদা দেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া যেসকল জেলাতে ইনোভেশন টিম গঠন করা হয়েছে, সেসব জেলাতে ইনোভেশন কার্যক্রম সম্পর্কে সদর দপ্তরের ইনোভেশন টিমকে অবহিত করার জন্য একটি পত্র দেওয়ার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০২। | ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত অ্যাকশান প্ল্যানটি সংশোধন করে সংশোধিত অ্যাকশান প্ল্যান তৈরি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০৩। | দুই (০২) টি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন করতে কি পরিমান অর্থ লাগতে পারে তার একটি খসড়া বাজেট প্রণয়ন করে প্রধান প্রকৌশলীর নিকট বাজেট অনুমোদনের জন্য প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া, WeCARE প্রকল্প থেকে LCS শ্রমিকদের পারিশ্রমিক প্রদানের জন্য তৈরিকৃত মোবাইল এ্যাপ্লিকেশনটি সম্পর্কে তথ্য সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০৪। | আইসিটি ইউনিট এবংগবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলঅতিসত্ত্বর ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র এক সাথে ওয়েবসাইটে প্রকাশ করার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০৫। | এলজিইডির প্রধান প্রকৌশলীর নিয়মিত বিভাগীয় সভাসমূহে ও এপিএ এর মাঠ পর্যায়ের মিটিং এ ই-নথি সিস্টেমের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার বিষয়টি উল্লেখ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য সচিব, ইনোভেশন টিম |

| | | |
|---|---|---|
| ০৬। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ০৪ (চার) টি কর্মশালা আয়োজনের জন্য প্রণীত খসড়া বাজেট ও প্রশিক্ষণার্থীর তালিকা কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটে প্রেরণ করে কর্মশালা আয়োজনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০৭। | এলজিইডির আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | আইসিটি ইউনিট |
| ০৮। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪ (চার) টি প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রণীত খসড়া বাজেট ও প্রশিক্ষণার্থীর তালিকা কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটে প্রেরণ করে প্রশিক্ষণ আয়োজনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০৯। | ২০২২-২৩ অর্থবছরে প্রণীত কর্মপরিকল্পনার অধীনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করে ইনোভেশন কোডে অর্থ বরাদ্দের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট আবেদন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১০। | ০৭/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২৫/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১১। | প্রকল্প পরিচালক (জিডিপি-৩) আগামী সভা শেষে সুবিধাজনক সময়ে পুনরায় Software টি ইনোভেশন অফিসারকে দেখানোর জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | জিডিপি-৩ এর প্রকল্প পরিচালক |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

মোঃ জসিম উদ্দিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.২৯

তারিখ: ১৩ পৌষ ১৪২৯
২৮ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির প্রেরণ করা হলো)

২) পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির প্রেরণ করা হলো)

৩) এলজিইডি ইনোভেশন টিম (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো)

৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির প্রেরণ করা হলো)

মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম